# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 26 April, 2025

জামালপুরে বকশীগঞ্জে ২০২৫ সালের হজ্বে গমনেচ্ছুদের নিয়ে প্রশিক্ষণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৬ এপ্রিল) হাজী ফাউন্ডেশন বকশীগঞ্জ উপজেলা শাখার উদ্যোগে মডেল মসজিদে দিনব্যাপী ওই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

সকালে প্রশিক্ষণের উদ্বোধনকালে হাজী ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক আফসার আলীর সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন অ্যাডভোকেট মোকাম্মেল হক, হজ্ব প্রশিক্ষণ বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মো. শাহজাহান (এসবিসিএল), মুফতি মুহিব হাসান, মুফতি জাকির হোসেন, আমিনুল ইসলাম, হাসানুজ্জামান পলাশ।

হজ্বে গিয়ে যেসব নিয়মকানুন মেনে চলতে হবে তা এই কর্মশালার মাধ্যমে হজ্ব যাত্রীদের সেসব বিষয়ের ওপর প্রশিক্ষণ দেওয়া হয়।এ প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমেই হজযাত্রীরা সমৃদ্ধ হবেন এবং সফলভাবে হজ্ব পালনে সক্ষম হবেন।

২০২৫ সালে হজ্বের জন্য নিবন্ধন করা ব্যক্তিরা প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

হজ্ব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 20:05

URL: https://www.timestodaybd.com/mymensingh/9804821478